তারিখ 14 SEP 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬

দৈনিক বাংলা

66

### তিনজন বহিরাগত আটক

# ভার্সিটির ৩টি হলে তল্লাশী : কিছু অস্ত্র উদ্ধার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিনটি হলে তল্লাশী চালিয়ে পুলিশ রোববার কিছু অস্ত্রশস্ত্র উদ্ধার করেছে।

রোববার ভোর চারটা থেকে সকাল সাতটা পর্যন্ত জহুরুল হক হল, সলিমুল্লাহ হল ও জগন্নাথ হলে এই তল্লাশী চালানো হয়। এসব হল থেকে উদ্ধারকৃত অস্ত্রশস্ত্রের মধ্যে রয়েছে ২টি কাটা রাইফেল, ৬১ রাউন্ড গুলি এবং ৪টি ককটেল। পুলিশ তিনটি টেলিফোন হ্যান্ডসেটও উদ্ধার করে। সলিমুল্লাহ হল এবং জহুরুল হক হল থেকে তিনজন বহিরাগতকে আটক করা হয়। উর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের নেতৃত্বে শত শত পুলিশ তল্লাশী অভিযানে অংশ

(আটের পাতায় ৭-এর কঃ দ্রঃ)

## ভার্সিটির ৩টি

(প্রথম পৃষ্ঠার পর)

নেয়।

অভিযোগ পাওয়া গেছে যে, পুলিশ তল্লাশী হতে পারে একথা আগের রাতেই হলগুলোতে জানাজানি হয়ে যায়। সন্ত্রাসী ও বহিরাগতরা আগের রাতেই হল থেকে সরেপড়ে।

তল্লাশী চলাকালে পুলিশ বিভিন্ন হল থেকে অনেক বহিরাগতকে আটক করে। কিন্তু হল গেট থেকেই তাদের ছেড়ে দেয়া হয়।

### জামালপুরে মিছিল

জামালপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানান, সন্ত্রাসের প্রতিবাদে রোববার জামালপুর শহরে জাতীয়তাবাদী ছাত্রদলসহ বিভিন্ন ছাত্র সংগঠন মিছিল বের করে।

এসব ছাত্র সংগঠন সন্ত্রাসীদের গ্রেপ্তার করার দাবী জানায়।

### আশেক মাহমুদ কলেজ বন্ধ

শনিবার প্রতিদ্বন্দ্বী বিভিন্ন ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষের প্রেক্ষিতে রোববার থেকে জামালপুর সরকারী আশেক মাহমুদ কলেজ আবার অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। ছাত্রদের আজকের মধ্যে হোস্টেল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে।

গতকালের ঘটনা সম্পর্কে জামালপুর থানায় ৩টি মামলা দায়ের করা হয়েছে। এদিকে পুলিশ যুবলীগের মধু ও ছাত্রলীগের সুজাকে গেপ্তার করেছে।

---

স্টাফ রিপোর্টার : রোববার পুলিশ রাজধানীতে ১২৫জনকে বিভিন্ন অভিযোগে গ্রেপ্তারকরেছে।

গ্রেপ্তারকৃতদের মধ্যে তিনজনের বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা ছিল। এদের নগরীর ১৪টি থানা থেকে গোয়েন্দা পুলিশ ও মহানগর পুলিশ গ্রেপ্তার করেছে।